

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ১ম কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ জাফর উল্লাহ  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।  
তারিখ : ২৭ আগস্ট ২০২০  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ  
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক


উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। ১ম কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, উত্তম চর্চার তালিকা প্রণয়ন, ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ, স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২.৩ ক্রমিকের আওতায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। এর অংশ হিসেবে ইতোমধ্যে ইনহাউজ প্রশিক্ষণ পরিকল্পনা, ২০২০-২০২১ প্রণয়ন করা হয়। আগস্ট ২০২০ মাসে ০২ (দুই) টি প্রশিক্ষণের আয়োজন করা হয় এবং সেপ্টেম্বর ২০২০ মাসেও ০৩ (তিন) টি প্রশিক্ষণের আয়োজন করা হবে।	নির্ধারিত তারিখে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.২	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিএমডির ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব এস.এম আশরাফুল আবেদীন আশা, সহকারী	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত)

	<p>পরিচালক (সংযুক্ত) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ করতে হবে। সভাপতি ওয়েবসাইটের সকল সেবা বক্স যথাসময়ে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন।</p>		/আইসিটি কর্মকর্তা
২.৩	<p>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৫.১ ক্রমিকের আওতায় উত্তম চর্চার তালিকা ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। সভাপতি সে অনুযায়ী উত্তম চর্চার তালিকা প্রস্তুতপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।</p>	<p>উত্তম চর্চার তালিকা প্রস্তুতপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	নৈতিকতা কমিটি
২.৪	<p>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৪.৫ ক্রমিকের আওতায় স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ এবং ৮.১ ক্রমিকের আওতায় স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি এই লক্ষ্যে ১৬.০৮.২০২০ তারিখে উপপরিচালক জনাব মোঃ মামুনুর রশীদকে আহ্বায়ক এবং সহকারী পরিচালক (ভূ-রসায়ন) কে সদস্য সচিব করে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটিকে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে প্রতিবেদন জমা দেওয়া নির্দেশনা প্রদান করা হয়েছে। কমিটির আহ্বায়ক জানান, ইতোমধ্যে হালনাগাদকরণের কাজ চলছে। সভাপতি কমিটিকে যথাসময়ে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>নির্ধারিত সময়ের মধ্যে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ এবং স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সংশ্লিষ্ট কমিটি

২.৫	বিএমডি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৭.১ ক্রমিকের আওতায় পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে প্রনয়নের লক্ষ্যমাত্রা রয়েছে, যা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	প্রণয়নকৃত ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন এবং হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক্রয় কর্মকর্তা এবং আইসিটি কর্মকর্তা
-----	--	---	--------------------------------------

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ৩১/০৮/২০২০  
 (মোঃ জাফর উল্লাহ)  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
 ও  
 আহ্বায়ক, নৈতিকতা কমিটি

২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-২) ৩৪০

তারিখ: ৩৬ ভাদ্র ১৪২৭  
৩১ আগস্ট ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
- ২। সংশ্লিষ্ট নথি।

(মোসাঃ মাহবুবা খাতুন)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)